

ব্লক সংসদ গঠনের পদ্ধতি ও প্রক্রিয়াঃ-

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (সংশোধনী) আইন, ২০০৩ এর মাধ্যমে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ এ ১১৫ ক ধারা অন্তর্ভুক্ত হওয়ার ফলে ঐ ধারা অনুযায়ী রাজ্যের প্রতি পঞ্চায়েত সমিতি কর্তৃক সংশ্লিষ্ট এলাকায় একটি ব্লক সংসদ গঠন করতে হবে। ঐ ব্লকের অন্তর্গত সকল গ্রামপঞ্চায়েত এবং ঐ পঞ্চায়েত সমিতির সকল সদস্য (সরাসরি নির্বাচিত এবং পদাধিকার বলে সদস্য) সংশ্লিষ্ট ব্লক সংসদে সদস্য হবেন।

পূর্বোক্ত পঞ্চায়েত (সংশোধনী) আইন, ২০০৩ এর ১১৫ক ধারায় (২) উপধারা অনুযায়ী প্রতি বৎসরে দুই বার ব্লক সংসদের অধিবেশন - (সাধারণত ডিসেম্বর জানুয়ারী মাসে অর্ধ বাৎসরিক অধিবেশন ও জুন-জুলাই মাসে বাৎসরিক অধিবেশন) অনুষ্ঠিত করা আবশ্যিক কর্তব্য।

পূর্বোক্ত পঞ্চায়েত (সংশোধনী) আইন এর ১১৫ক ধারায় (৩) উপধারা অনুসারে সমগ্র সদস্যদের এক-দশমাংশ সংসদ অধিবেশন উপস্থিত থাকলে কোরাম গঠিত হয়েছে বলে বিবেচিত হবে। কোরাম না হলে ঐ সভা মূলতুবী বলে গন্য করতে হবে। যেদিন ঐ সভা ধার্য হয়েছিল তারপরে সপ্তমদিনে একই স্থানে ও একই সময়ে মূলতুবী সভা অনুষ্ঠিত করতে হবে। মূলতুবী সভার কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্তত সংখ্যায় ১০ (দশ শতাংশ) সদস্যের উপস্থিতি আবশ্যিক।

পূর্বোক্ত পঞ্চায়েত (সংশোধনী) আইন, ২০০৩ এর ১১৫ক ধারায় (৪) উপধারা অনুযায়ী ব্লক সংসদ অধিবেশনে সভাপতিত্ব করবেন সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি স্বয়ং এবং তার অনুপস্থিতিতে ঐ অধিবেশনে সভাপতিত্ব করবেন ঐ পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি।

পূর্বোক্ত পঞ্চায়েত (সংশোধনী) আইন, ২০০৩ এর ১১৫ক ধারায় (৫) উপধারা অনুযায়ী ব্লক সংসদ সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিতে সকল উন্নয়নমূলক কাজকর্ম বার্ষিক পরিকল্পনার প্রস্তুতি, বাজেট, উন্নয়নমূলক কাজকর্ম, প্রকল্প ও কর্মসূচীর রূপায়ন, শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, যুব কল্যাণ, স্বাস্থ্য, কৃষি-সেচ, বন ও ভূমি এবং নারী ও শিশুকল্যাণ সহ আর্থিক উন্নয়নের যাবতীয় কাজকর্ম এবং গৃহীত ও প্রস্তাবিত সকল সামাজিক ন্যায় বিচার সুনিশ্চিত্ত করণ বিষয়ক সকল নির্দেশ ও পরামর্শদান করবে এরূপ নির্দেশ ও পরামর্শের

জন্য ব্লক সংসদের যেকোন সদস্য অধিবেশনের বিজ্ঞপ্তি প্রাপ্ত হয়ে লিখিত পত্রের দ্বারা যে কোন সদস্য অধিবেশনে বিজ্ঞপ্তি প্রাপ্ত হয়ে লিখিত পত্রের দ্বারা যে কোন প্রমান্য তথ্য যেমন পঞ্চয়েত সমিতির তহবিলে হিসেব সম্বন্ধীয় নিরীক্ষকের শেষ প্রতিবেদনের প্রতিলিপি, বাজেট, বার্ষিক কাজকর্মের পরিকল্পনার প্রতিলিপি পঞ্চয়েত সমিতির নির্বাহী আধিকারিকের কাছে চেয়ে পাঠাতে পারেন।

এরূপ পত্র প্রাপ্ত হয়ে নির্বাহী আধিকারিক, সভাপতির সম্মতি গ্রহন করে, ঐ অধিবেশনে পর্যালোচনার জন্য প্রয়োজনীয় নথিপত্র পেশ করবেন।

ব্লক সংসদের অধিবেশনে যে সকল পর্যালোচনা, সুপারিশ ও নিরীক্ষণ গৃহীত হবে সেগুলি পঞ্চয়েত সমিতির সভায় ব্লকসংসদের অধিবেশনে এক মাসের মধ্যে যতশীঘ্র সম্ভব বিবেচিত হবে ও পঞ্চয়েত সমিতি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও গৃহীত ব্যবস্থা সম্পর্কীয় প্রতিবেদন পরবর্তী ব্লক সংসদে সভায় পেশ করতে হবে।

ব্লক সংসদের ষান্মাসিক অধিবেশন সংশ্লিষ্ট পঞ্চয়েত সমিতির অধিকার ভুক্ত এলাকার মধ্যে কোন সুবিধাজনক স্থানে অনুষ্ঠিত হবে।

ব্লক সংসদ অধিবেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্চয়েত সমিতি অধিবেশনের আলোচ্য বিষয়, স্থান, তারিখও সময় উল্লেখ করে অধিবেশনের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে বিজ্ঞপ্তি প্রকাশ করবে।

পরিশেষে ঐ অধিবেশনকে সার্থক ও সফল করে তোলার জন্য ব্লকস্তরের সংশ্লিষ্ট পদাধিকারী, আধিকারিক ও কর্মীবৃন্দ প্রমান্য নথিপত্র সংগ্রহ করে ঐ অধিবেশনে উপস্থিত থাকবেন।